

## নোটিশ


কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বেসরকারী এমপিওভুক্ত শিক্ষা-প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই/২০১৫খ্রিঃ হতে ফেব্রুয়ারী/২০১৬ খ্রিঃ পর্যন্ত ০৮ (আট) মাসের বকেয়া বেতন ভাতার অর্থ এপ্রিল ও মে/২০১৬ খ্রিঃ মাসে প্রদান করা হয়। উক্ত বকেয়ায় প্রাপ্যতার অতিরিক্ত অর্থ যাহারা উত্তোলন করেছেন তাদেরকে ২০/০৬/২০১৬ তারিখের মধ্যে অতিরিক্ত উত্তোলিত অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে (কোড নং : ১-২৫০১-০০০১-২৬৭১) জমা দিয়ে স্থানীয় হিসাব রক্ষণ অফিসের মাধ্যমে CTR (Currency Transaction Report) করে ট্রেজারী চালানোর মূলকপি কারিগরি শিক্ষা অধিদপ্তরে জমা দেওয়ার জন্য ওয়েব সাইটে নোটিশ প্রদান করা হয়। যাহারা ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে অতিরিক্ত উত্তোলিত অর্থ জমা করেছেন কিন্তু অদ্যাবধি অত্র অধিদপ্তরে ট্রেজারী চালানোর মূলকপি জমা প্রদান করেনি তাদেরকে আগামী ১৮/০৮/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে চালানোর মূলকপি জমা দিতে হবে।

➤ যে সমস্ত প্রতিষ্ঠান অতিরিক্ত উত্তোলিত অর্থ মে/২০১৬ খ্রিঃ মাসের বেতন ভাতা হতে সমন্বয় করেছেন অথবা অতিরিক্ত অর্থ উত্তোলন করেননি তাদেরকে বকেয়া বেতন ভাতা (জুলাই/১৫খ্রিঃ-ফেব্রুয়ারী/১৬খ্রিঃ) বিলের কপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) এবং উক্ত বিলের সমর্থনে ব্যাংক প্রত্যয়নের মূল কপি প্রতিষ্ঠান প্রধান ও সভাপতির অস্থায়ন পত্রসহ আগামী ১৮/০৮/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে জমা দিতে হবে।

➤ যাহারা কেবলমাত্র ট্রেজারী চালানোর ফটোকপি বা সফটকপি ইতোপূর্বে জমা দিয়েছেন তাদেরকেও ট্রেজারী চালানোর মূলকপি স্থানীয় হিসাব রক্ষণ অফিসের মাধ্যমে CTR (Currency Transaction Report) করে আগামী ১৮/০৮/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে জমা দিতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত সকল কাগজপত্রসমূহ আগামী ১৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে পরিচালক(ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

**অন্যথায়, পরবর্তী মাসে সকলের অতিরিক্ত উত্তোলিত অর্থের সমপরিমান টাকা কর্তন করা হবে।**

  
(মোঃ মিজানুর রহমান)  
পরিচালক (ভোকেশনাল)  
যুগ্ম-সচিব  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)